গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
স্বাস্থ্য অধিদপ্তর, মহাখালী, ঢাকা-১২১২

স্মারক নংঃ- স্বাঃ অধিঃ/চিঃশিঃ/ভর্তি/ বিডিএস / ২০১০-২০১১/ ২১৭ তারিখ: ১২-১০-২০১১ইং

১ম বর্ষ বিডিএস কোর্সে ভর্তি বিজ্ঞপ্তি (২০১০-২০১১ শিক্ষাবর্ষ)

সকল সরকারী ও বেসরকারী ডেন্টাল কলেজের জন্য প্রযোজ্য

আবেদন নির্ধারিত ফরমে এবং নিম্নলিখিত শর্তাধীনে আহ্বান করা হচ্ছে।

(১) আবেদনকারী বাংলাদেশের নাগরিক হবেন।

(২) যারা ২০০৭ বা ২০০৮ সনে এসএসসি/সমমান এবং ২০০৯ বা ২০১০ সনে এইচএসসি/সমমান (পদার্থ, রসায়ন ও জীববিদ্যাসহ) পরীক্ষায় পাস করেছে তারা আবেদনযোগ্য।

(৩) ডেন্টাল কলেজে ভর্তির ফরম জমা দেয়ার শেষ তারিখের পরে যদি কোন ছাত্র/ ছাত্রী এইচএসসি এর সমমান পরীক্ষায় উত্তীর্ণ হয় তবে তিনি একই শিক্ষাবর্ষে সরকারী/বেসরকারী মেডিকেল কলেজে ভর্তির জন্য যোগ্য হবেন না। ইংরেজী ২০০৭ সনের পূর্বে এসএসসি/সমমান পরীক্ষায় পাস করা ছাত্র-ছাত্রীরা আবেদনের অযোগ্য।

(৩) সকল দেশী বিদেশী শিক্ষা কার্যক্রমে এসএসসি ও এইচএসসি বা সমমান দুটি পরীক্ষায় মোট জিপিএ কমপক্ষে ৮.০০ হতে হবে তবে এককভাবে কোন পরীক্ষায় জিপিএ ৩.৫০ এর কম নয়। পশ্চাদপদ জনগোষ্টি অর্থাৎ সকল উপজাতীয় ও পার্বত্য জেলার অ-উপজাতীয় প্রার্থীদের ক্ষেত্রে এসএসসি ও এইচএসসি পরীক্ষায় মোট জিপিএ কমপক্ষে ৭.০০ হতে হবে তবে এককভাবে কোন পরীক্ষায় জিপিএ ৩.০০ এর কম নয়। সকলের জন্যে এইচএসসি/সমমান পরীক্ষায় জীববিজ্ঞানে (Biology) ন্যূনতম জিপিএ ৩.৫০ থাকতে হবে।

(৪) বিদেশী শিক্ষা কার্যক্রমে এসএসসি/এইচএসসি এর সমমান পরীক্ষায় উত্তীর্ণ প্রার্থীরা পরিচালক, চিকিৎসা শিক্ষা ও স্বাস্থ্য জনশক্তি উন্নয়ন, স্বাস্থ্য অধিদপ্তর, মহাখালী, ঢাকা বরাবরে ১০০০/-টাকার ব্যাংক ড্রাফট/পে-অর্ডার সহ আবেদন পূর্বক মার্কস সার্টিফিকেটসমূহ বাংলাদেশে প্রচলিত GPA-তে convert করে Equivalence Certificate সংগ্রহ করবে। এটি সরকারী/বেসরকারী মেডিকেল/ডেন্টাল কলেজে ভর্তির ক্ষেত্রে প্রযোজ্য হবে।

(৫) বিডিএস (BDS) কোর্স আসন বিভাজন (সরকারী প্রতিষ্ঠানের জন্য প্রযোজ্য)।

প্রতিষ্ঠান	আসন সংখ্যা			মোট
	সাধারন	উপজাতি	মুক্তিযোদ্ধা	
ঢাকা ডেন্টাল কলেজ	৯৫	৫	১০	২১০
চট্টগ্রাম মে.কলেজ ডেন্টাল ইউনিট	৫০			
রাজশাহী মে. ক. ডেন্টাল ইউনিট	৫০			

সর্বমোট দেশীয় ছাত্র-ছাত্রী (সাধারন + সংরক্ষিত) ভর্তিযোগ্য আসনসংখ্যা = ২১০

(৬) প্রার্থী মুল্যায়ন পদ্ধতি ও নম্বর বিভাজন।

(ক) এসএসসি ও এইচএসসি এর জিপিএ এবং লিখিত ভর্তি পরীক্ষায় প্রাপ্ত নম্বরের ভিত্তিতে প্রার্থী মুল্যায়ন করা হবে।

এসএসসি/সমমান পরীক্ষায় প্রাপ্ত জিপিএ-এর ০৮ গুন = ৪০ নম্বর	১০০ নম্বর
এইচএসসি/সমমান পরীক্ষায় প্রাপ্ত জিপিএ-এর ১২ গুন = ৬০ নম্বর	
MCQ পদ্ধতিতে লিখিত পরীক্ষা	১০০ নম্বর
মোট	২০০ নম্বর

(খ) লিখিত পরীক্ষা (এমসিকিউ পদ্ধতি) = ১০০ নম্বর। বিষয়ভিত্তিক নম্বর বিভাজন:- পদার্থবিদ্যা - ২০, রসায়নবিদ্যা - ২৫, জীববিদ্যা - ৩০, ইংরেজী - ১৫, সাধারন জ্ঞান - ১০। (সিলেবাস-এইচএসসি/সমমান)।

(গ) লিখিত পরীক্ষায় প্রতিটি ভুল উত্তর প্রদানের জন্য ০.২৫ নম্বর কর্তন করা হবে।

(ঘ) ভর্তি পরীক্ষার আবেদনপত্র প্রক্রিয়াকরণ, নিরীক্ষণ এবং ফলাফল চূড়ান্তকরণ কম্পিউটারের মাধ্যমে করা হবে। SIF এবং উত্তর পত্র "ওএমআর" (OMR) মেশিনে পরীক্ষা করা হবে।

(৭) মেধাতালিকা ও প্রার্থী নির্বাচন।

(ক) অনুচ্ছেদ ৬ (ক) অনুযায়ী প্রাপ্ত মোট নম্বরের ভিত্তিতে ভর্তি পরীক্ষায় অংশগ্রহনকারী সকল পরীক্ষার্থীর জাতীয় মেধা তালিকা (বিশেষ কোটা যদি থাকে উল্লেখ সহ) প্রকাশ করা হবে।

(খ) সরকারী ডেন্টাল কলেজে ভর্তির জন্যে জাতীয় মেধায় ৮০% ও অবশিষ্ট প্রার্থী থেকে বিভাগীয় কোটায় (সংশিষ্ট বিভাগের প্রার্থীদের মেধানুসারে) ২০% প্রার্থী নির্বাচন করা হবে। একই সাথে যুক্তিযুক্ত সংখ্যক প্রার্থীদের মেধা ভিত্তিক অপেক্ষমান তালিকাও প্রকাশ করা হবে। সংরক্ষিত আসনসমূহেও নিজ নিজ শ্রেনীর দাবীদারদের মেধার ভিত্তিতে প্রার্থী নির্বাচন করা হবে। এ ক্ষেত্রে ও যুক্তিযুক্ত সংখ্যক মেধাভিত্তিক অপেক্ষমান তালিকা প্রকাশ করা হবে। নির্বাচিত প্রার্থীর অর্জিত মেধাক্রম এবং কলেজ পছন্দের ভিত্তিতে প্রার্থী কোন কলেজে ভর্তি হবেন স্বয়ংক্রিয়ভাবে নির্ধারন করা হবে।

(গ) জাতীয়ভাবে গৃহীত বিডিএস ভর্তি পরীক্ষায় বেসরকারী ডেন্টাল কলেজে ভর্তি হওয়ার জন্যে যারা অপসন দিয়েছে মেধাঅনুযায়ী তাদের মধ্যে থেকে একটা নির্দিষ্ট সংখ্যা পর্যন্ত বেসরকারী ডেন্টাল কলেজে ভর্তির উপযুক্ত ঘোষিত হবে। উন্মুক্ত বিজ্ঞপ্তির মাধ্যমে কলেজ কতৃপক্ষ উক্ত তালিকার ছাত্র-ছাত্রীদের মধ্য থেকে তাঁর কলেজে ভর্তিচ্ছু ছাত্র-ছাত্রীদের দরখাস্ত আহবান করবেন। প্রাপ্ত আবেদন হতে মেধাতালিকা অনুযায়ী ভর্তি কার্যক্রম সম্পন্ন করবেন। প্রতিটি প্রতিষ্ঠান প্রতি দফায় ভর্তির প্রক্রিয়া সম্পন্ন করে ভর্তিকৃত ছাত্র-ছাত্রীদের পূর্নাঙ্গ তালিকা স্বাস্থ্য অধিদপ্তর (পরিচালক, চিকিৎসা শিক্ষা ও স্বাস্থ্য জনশক্তি উন্নয়ন) এর বরাবরে প্রেরণ করবেন।

(৮) মাইগ্রেশন বা কলেজ বদলী (সরকারী ডেন্টাল কলেজের জন্যে প্রযোজ্য):-

(ক) ভর্তির জন্যে নির্ধারিত তারিখ শেষে শুন্য আসন সমুহের বিপরীতে ভর্তিকৃত ছাত্র-ছাত্রীদের আবেদন, মেধাস্থান ও কলেজ পছন্দ অনুযায়ী কলেজ পরিবর্তনের (মাইগ্রেশন) সুযোগ দেয়া হবে। মাইগ্রেশন শেষে প্রাপ্ত শূন্য আসনসমূহ অপেক্ষমান তালিকা থেকে মেধাক্রম অনুসারে পূরণ করা হবে ।

(খ) অনুচ্ছেদ ৮(ক)-এ বর্নিত নিয়ম ব্যতিত অন্য কোনভাবে এক ডেন্টাল কলেজ হতে অন্য ডেন্টাল কলেজে বদলী হওয়া বা করা যাবেনা।

(৯) নির্ধারিত আবেদন পত্র ২০/-(বিশ) টাকা এবং সেন্টার ফি ৫০০/- (পাঁচশত) টাকা মোট ৫২০/- (পাঁচশত বিশ) টাকা (অফেরতযোগ্য) পরিশোধ সাপেক্ষে নির্দিষ্ট ডেন্টাল কলেজ হতে সংগ্রহ করা যাবে। প্রার্থীকে নিজে আবেদনপত্র গ্রহন, জমা এবং প্রবেশ পত্র সংগ্রহ করতে হবে। একজন প্রার্থীকে প্রতিবারে একটির বেশী ফরম দেওয়া হবে না এবং আবেদন পত্রের রোল নং স্বাস্থ্য অধিদপ্তর কর্তৃক Automatic Number Generation Programme এর মাধ্যমে নির্ধারিত হওয়ার পর কলেজ কর্তৃপক্ষ তাহা আবেদন পত্রে লিপিবদ্ধ করে প্রবেশ পত্র বিতরন করবেন।

(১০) আবেদনপত্রের সাথে যে সমস্ত তথ্য ও সনদপত্রের সত্যায়িত ফটোকপি সংযুক্ত করতে হবে।

(ক) এসএসসি ও এইচএসসি বা সমমান পরীক্ষার একাডেমিক ট্রান্সক্রিপ্ট।

(খ) এসএসসি ও এইচএসসি বা সমমান পরীক্ষা পাসের সনদপত্র/ টেষ্টিমোনিয়াল।

(গ) বিভাগীয় কোটার দাবীর ক্ষেত্রে স্থানীয় সিটি কর্পোরেশনের মেয়র/পৌরসভার চেয়ারম্যান/ ইউনিয়ন পরিষদের চেয়ারম্যান/ওয়ার্ড কমিশনার প্রদত্ত নাগরিক সনদপত্র।

(ঘ) চার কপি সদ্য তোলা পাসপোর্ট সাইজের সত্যায়িত রঙ্গিন ছবি।

(ঙ) পার্বত্য জেলার উপজাতীয় প্রার্থীর ক্ষেত্রে সার্কেল চীফ এবং জেলা প্রশাসকের সনদ ও অ-উপজাতীয় প্রার্থীদের ক্ষেত্রে সার্কেল চীফ বা জেলা প্রশাসক প্রদত্ত সনদপত্র এবং অন্যান্য জেলার উপজাতীয় প্রার্থীদের ক্ষেত্রে গোত্র প্রধান ও সংশিষ্ট ডেপুটি কমিশনার প্রদত্ত সনদপত্র।

(চ) প্রার্থীর পিতা/মাতার মুক্তিযুদ্ধে অংশগ্রহনের স্বপক্ষে মুক্তিযোদ্ধা বিষয়ক মন্ত্রনালয়ের সচিব ও মাননীয় মন্ত্রী /প্রতি-মন্ত্রী স্বাক্ষরিত সনদ বা ১৯৯৭-২০০১ সাল পর্যন্ত বাংলাদেশ মুক্তিযোদ্ধা সংসদের অধীনে তৎকালীন মাননীয় প্রধানমন্ত্রী কর্তৃক প্রতিস্বাক্ষরিত সনদ।

(১১) অসম্পূর্ণ ও ভুল তথ্য সম্বলিত আবেদনপত্র বাতিলযোগ্য। পরীক্ষায় অবতীর্ন/নির্বাচিত প্রার্থীদের দেয়া তথ্যে (যাহা ফলাফল নির্ধারনে বিবেচিত হয়েছে) পরবর্তিতে ভুল পাওয়া গেলে তাহার পরীক্ষা/ফলাফল/ভর্তি বাতিল বলে গন্য হবে।

(১২) আগামী ২৩-১০-২০১০ ইং তারিখ হতে সকল সরকারী ও বেসরকারী ডেন্টাল কলেজের অধ্যক্ষের দপ্তরে ভর্তির আবেদনপত্র পাওয়া যাবে। ভর্তির আবেদন পত্র এবং SIF ফরম ধীরস্থীর ভাবে পূরন করে একই ডেন্টাল কলেজে ০৪-১১-২০১০ ইং তারিখ অফিস চলাকালীন সময় পর্যন্ত জমা দেওয়া যাবে।

(১৩) ভর্তির লিখিত পরীক্ষা ০১ (এক) ঘন্টা। আগামী ইং **২৬-১১-২০১০** তারিখ শুক্রবার সকাল ১০.০০ ঘটিকায় নিম্নলিখিত কেন্দ্রসমূহে অনুষ্ঠিত হবে।

ক্রমিক	কলেজ	কেন্দ্র
১	**ঢাকায় অবস্থিত সকল সরকারী বেসরকারী ডেন্টাল কলেজ**	**অধ্যক্ষ, ঢাকা ডেন্টাল কলেজ কর্তৃক নির্ধারিত স্থান**
২	**চট্টগ্রামস্থ সরকারী বেসরকারী ডেন্টাল কলেজ**	**চট্টগ্রাম মেডিকেল কলেজ**
৩	**রাজশাহী ও রংপুরের সরকারী বেসরকারী ডেন্টাল কলেজ**	**রাজশাহী মেডিকেল কলেজ**

(১৪) ভর্তি সংক্রান্ত যাবতীয় তথ্য সংশিষ্ট মেডিকেল কলেজের অধ্যক্ষের কার্য্যালয় ও স্বাস্থ্য অধিদপ্তরের ওয়েব সাইট **www.dghs.gov.bd** হতে জানা যাবে।

(১৫) ভর্তি সংক্রান্ত যে কোন বিষয়ে ভর্তি কমিটির সিদ্ধান্তই চূড়ান্ত বলে বিবেচিত হবে।

12/10/10

অধ্যাপক ডাঃ খন্দকার মোঃ সিফায়েত উল্লাহ
পরিচালক
চিকিৎসা শিক্ষা ও স্বাস্থ্য জনশক্তি উন্নয়ন
ফোন - ৮৮২৫৪০০, ফ্যাক্স - ৯৮৮৬৬১২